Sl-No-07 Q.P: 3603

Unique Paper Code: 12081108

Name of the Course: B.A. (Hons) Bengali

Name of the Paper: Development of Bengali Language and Script FC

Semester: I

Max. Marks: 75

Duration: 3 hrs.

## ক-বিভাগ

1. টীকা লেখ (যে কোনও তিনটি) - 5X3=15

   সমীভবন, গ্রীক, তৎসম শব্দ, আদি-মধ্য বাংলা, মাত্রাপূরক দীর্ঘীভবন, ইন্দো-ইরাণীয় ভাষা, ভারতীয় আর্যের স্তর।

   অথবা

   ইন্দো-ইউরোপীয় ভাষা থেকে বাংলা ভাষায় বিবর্তনের ইতিহাস লেখ ।

2. 'অন্নদামঙ্গল' কাব্যটি কে, কোন সময়ে লিখেছিলেন? এই সময়ের বাংলা ভাষার বৈশিষ্ট্যগুলি লেখ (যে কোনও দশটি)। 15

   অথবা

   প্রাচীন বাংলা ভাষার সময়কাল, দৃষ্টান্ত ও দশটি ভাষাবৈশিষ্ট্য লেখ ।

P.T.O

## খ- বিভাগ

3. নিম্নলিখিত অংশটিকে আধুনিক বাংলা ভাষায় রূপান্তরিত কর এবং নিম্নরেখ শব্দগুলির ধ্বনিতাত্ত্বিক/রূপতাত্ত্বিক টীকা লেখ - 10+5=15

কাহেরে ঘিনি মেলি অচ্ছহু কীস ।
বেঢ়িল হাক পড়অ চৌদীস ।।
অপণা মাংসেঁ হরিণা বৈরী ।
খনহ ন ছাড়অ ভুসুকু অহেরী ।।
তিণ ন চ্ছুপই হরিণা পিবই ন পাণী ।
হরিণা হরিণীর নিলঅ ন জাণী ।।
হরিণী বোলঅ হরিণা সুণ হরিআ তো ।
এ বণ চ্ছাড়ী হোহু ভান্তো ।।
তরসন্তেঁ হরিণার খুর ন দীসঅ ।
ভুসুকু ভণই মূঢ়া হিঅহি ন পইসই ।।

অথবা

কে না বাঁশী বাএ বড়ায়ি কালিনী নইকূলে ।
কে না বাঁশী বাএ বড়ায়ি এ গোঠ গোকূলে ।।
আকূল শরীর মোর বেআকুল মন ।
বাঁশীর শবদেঁ মো আউলাইলোঁ রান্ধন ।।
কে না বাঁশী বাএ বড়ায়ি সে না কোন জনা ।
দাসী হআঁ তার পাএ নিশিবোঁ আপনা ।।
কেনা বাঁশী বাএ বড়ায়ি চিত্তের হরিষে ।
তার পাএ বড়ায়ি মো কৈলোঁ কোন দোষে ।।

P.T.O

আঝর ঝরএ মোর নয়নের পাণী ।
বাঁশীর শবদেঁ বড়ায়ি হারায়িলোঁ পরাণী ।।

## গ-বিভাগ

4. বাংলা লিপির উদ্ভব ও ক্রমবিকাশ আলোচনা কর । 15

অথবা

আধুনিক বাংলার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি উদাহরণ সহযোগে লেখ। (দশটি)

5. যে কোনও দশটি প্রশ্নের উত্তর দাও- 1X10=10

i)শ্রীকৃষ্ণকীর্ত্তনের আবিষ্কারকের নাম কী ?

ii)প্রাচীন ভারতের আদি লিপিমালা দুটির নাম কী ?

iii)ভারতীয় আর্য ভাষার প্রাচীনতম নিদর্শন কোনটি ?

iv)যে কোনও দুটি প্রাকৃত ভাষার নাম লেখ ।

v) অন্ত্য-মধ্য বাংলা ভাষার সময়কাল নির্দেশ কর ।

vi) বাংলা ভাষায় ব্যবহৃত দুটি বিদেশী-আগন্তুক শব্দের উদাহরণ দাও ।

vi) ধ্বনিপরিবর্তনের নিয়মটি বল—

হস্ত > হত্থ > হাত, পঞ্চ >পাঁচ

vii) শব্দ দুটির সাধুরূপ লেখ—খেয়ে, আমাদের

viii) শব্দ দুটির চলিত-রূপ লেখ—বলিতেছি, তাহাকে

ix) বাণমুখ লিপি কোথায় প্রচলিত ছিল?

x) শ্রীকৃষ্ণকীর্ত্তন কাব্যের যে কোনও দুটি খণ্ডের নাম লেখ ।

xi) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় কোন সময়ের বাংলা ভাষায়

উপন্যাস লিখেছিলেন?

Xii) দেশী > দিশি—আধুনিক বাংলা ভাষার এই চলিত-রূপসৃষ্টিতে

ধ্বনিপরিবর্তনের কোন নিয়ম লক্ষ্য কর ?

6. উচ্চারণ অনুযায়ী ধ্বনিবিভাজন কর—(পাঁচটি) 1X5=5

রবীন্দ্রনাথ, চারুচন্দ্র, প্রীতি, নহোঁ, হস্তী, চক্রী, চাল, মহিলা